ফোন ঃ
অফিস ঃ ৯৫৫০৩৫৩

গোপনীয়
রেজিঃ ডাকযোগে(প্রাপ্তি স্বীকারসহ)

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

## শৃংখলা পরিদপ্তর

আনসার চেম্বার (৭ম তলা), ১৪৯ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

স্মারক নং-৯২-পাউবো/শৃং/শা-৩/অভি(গ)-০১/২০১৯

তারিখ ঃ ০৫/০৬/২০২০ বঙ্গাঃ
২০/০৯/২০২০ খ্রিঃ

জনাব বিমল চন্দ্র বর্মণ (আইডি নং-৯০০১০১০০১),
লস্কর
নারায়ণগঞ্জ ড্রেজার বিভাগ
বাপাউবো, নারায়ণগঞ্জ।

**স্থায়ী ঠিকানাঃ**
**জনাব বিমল চন্দ্র বর্মণ**
**পিতাঃ প্রফুল্ল চন্দ্র বর্মণ**
**বাড়ী নং-৩০৫৭, ওয়ার্ড নং-০৬**
**মহল্লা-খালেকার কান্দী,**
**ডাকঘরঃ কুলিয়ারচর**
**উপজেলাঃ কুলিয়ারচর**
**জেলাঃ কিশোরগঞ্জ।**

বিষয় ঃ **চাকুরী হতে 'বরখাস্ত' (Dismissal from service) দন্ড আরোপের নিমিত্ত কারণ দর্শানোর নোটিশ প্রসংগে।**

রেকর্ড দৃষ্টে দেখা যায় যে, আপনি জনাব বিমল চন্দ্র বর্মণ (আইডি নং-৯০০১০১০০১), লস্কর, নারায়ণগঞ্জ ড্রেজার বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ বিগত ০৮/০৮/২০১৬ খ্রিঃ তারিখ হতে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় আপনাকে নারায়ণগঞ্জ ড্রেজার বিভাগ কর্তৃক ০৭(সাত) টি স্মারকের মাধ্যমে দপ্তরে যোগদানের জন্য নির্দেশ প্রদান করা সত্ত্বেও আপনি অদ্যাবধি কর্মস্থলে যোগাযোগ না করে দপ্তরে অনুপস্থিত রয়েছেন মর্মে অবহিত করে উল্লেখিত বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ড্রেজার পরিদপ্তর, বাপাউবো, নারায়ণগঞ্জ তার স্মারক নং-৩৮-ড্রেঃ(প্রঃপ্রঃ)প্রশা/ তারিখঃ ২২/০১/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে অনুরোধ করেন। উক্ত অনুরোধের প্রেক্ষিতে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী আপনার অননুমোদিত অনুপস্থিতির প্রকৃত কারণ উদঘাটনের জন্য শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-১৬-পাউবো/শৃং/শা-১/অভি(গ)-০১/২০১৯ তারিখঃ ১৪/০২/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন হতে দেখা যায় যে, আপনি গত ০৮/০৮/২০১৬ খ্রিঃ হতেই অদ্যাবধি পলায়ন অর্থাৎ দক্ষিণ কোরিয়ায় অবস্থান করছেন এবং গত ০৮/০৮/২০১৬ খ্রিঃ তারিখ হতেই কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন এমনকি আপনি আপনার দপ্তরের সাথে অদ্যাবধি কোন যোগাযোগ রক্ষা করেননি। অর্থাৎ আপনি ০৮/০৮/২০১৬ খ্রিঃ হতে সুদীর্ঘ সময় বোর্ডের কাজে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন যা দায়িত্বে অবহেলা, অসদাচরণ, পলায়ন এর সামিল।

২। যেহেতু আপনি জনাব বিমল চন্দ্র বর্মণ (আইডি নং-৯০০১০১০০১), লস্কর, নারায়ণগঞ্জ ড্রেজার বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ গত ০৮/০৮/২০১৬ খ্রিঃ তারিখ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন এবং বোর্ড ও সরকারের অনুমতি ছাড়াই দক্ষিণ কোরিয়ায় গমন/অবস্থান করছেন এবং বোর্ডের সাথে কোন প্রকার যোগাযোগ রক্ষা না করে অদ্যাবধি অনুনমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। আপনার এহেন কর্মকান্ড বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ২(১৩) অনুযায়ী পলায়ন হিসেবে বিবেচিত।

৩। যেহেতু আপনি জনাব বিমল চন্দ্র বর্মণ (আইডি নং-৯০০১০১০০১), লস্কর, নারায়ণগঞ্জ ড্রেজার বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ উপরোক্ত কার্যকরে এরূপ আচরণ প্রদর্শন করেছেন যা দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের সামীল এবং ইহা করে আপনি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮ (ক),(খ) ও (গ) মোতাবেক অপরাধ করেছেন যার জন্য উক্ত প্রবিধানমালার প্রবিধান ৪৯ (১) (খ) অনুযায়ী আপনার উপর যে কোন দন্ড আরোপ যোগ্য।

৪। অতত্রব, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান-৪৯ এর উপ-প্রবিধান ৪৯(১)(খ) অনুযায়ী প্রস্তাবিত দন্ড কেন আপনার উপর আরোপ করা হবে না উহা উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২ মোতাবেক শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-৫৭-পাউবো/শৃং/শা-৩/অভি(গ)-০১/২০১৯ তারিখঃ ২৯/০৫/২০১৯ খ্রিঃ মাধ্যমে কার্যধারা সূচনা পূর্বক অভিযোগনামা আপনার অফিসের ঠিকানায় প্রেরণ করা হলে "খোজ নিয়ে জানা গেল প্রাপক নিরুদ্দেশ তাই ফেরৎ" এবং স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হলে "প্রাপক দেশের বাহিরে থাকেন(প্রবাসী) তাই পত্রখানা ফেরত" মন্তব্যসহ ১৬/০৬/২০১৯ খ্রিঃ পত্রটি অত্র দপ্তরে ফেরত আসায় এবং অদ্যাবধি কোন জবাব পাওয়া না পাওয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী আপনার বিরুদ্ধে আনিত অভিযোগনামায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-১৩২/পাউবো/শৃং/শা-৩/অভি(গ)-০১/২০১৯ তারিখঃ ১২/১১/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা বিষয়টি তদন্ত করতঃ তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

অঃপৃঃদ্রঃ

৫। এক্ষণে যেহেতু তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র যথাযথ পর্যালোচনান্তে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ অর্থাৎ আপনি বিগত ০৮/০৮/২০১৬ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় যা পলায়নের সামীল হওয়ায় এবং আপনার অননুমোদিতভাবে বিদেশে অবস্থান করার অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১) (খ) (উ) মোতাবেক আপনার কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০৮/০৮/২০১৬ খ্রিঃ থেকে আপনার উপর বাপাউবোর্ডের চাকুরী হতে "বরখাস্ত" (Dismissed from service) দন্ড আরোপ করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৬। অতএব কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ অর্থাৎ আপনি বিগত ০৮/০৮/২০১৬ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় যা পলায়নের সামীল হওয়ায় এবং আপনার অননুমোদিতভাবে বিদেশে অবস্থান করার অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১) (খ) (উ) মোতাবেক আপনার কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০৮/০৮/২০১৬ খ্রিঃ থেকে আপনার উপর বাপাউবোর্ডের চাকুরী হতে "বরখাস্ত" (Dismissed from service) দন্ড কেন আরোপ করা হবে না, বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২ এর উপ-প্রবিধান (৬) মোতাবেক ৭(সাত) কার্যদিবসের মধ্যে অত্র দপ্তরে উহার কারণ দর্শাইবার জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২(৫) মোতাবেক তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি এতদসংগে প্রেরণ করা হলো।

এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তি ঃ ১। তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি-৪৮(আটচল্লিশ) পাতা।

২০/০২/২০২০

(ফেরদৌসি বেগম)
পরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৩১২৩০০০১
টেলিফোন নম্বর ঃ ৯৫৫০৩৫৩
dir.discipline.bwdb@gmail.com

অনুলিপিঃ

১. প্রধান, প্রকৌশলী, ড্রেজার পওর বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ।
২. পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ড্রেজার সার্ভিসেস সার্কেল, বাপাউবো, নারায়ণগঞ্জ।
৪. সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানোর নোটিশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫. নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ ড্রেজার বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ।
৬. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক, (প্রশাসন/পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।